দৈনিক ইত্তেফাক

তারিখ 03 JUL 1992
পৃষ্ঠা ........ কলাম ........

187

# রাজশাহী বিশ্ববিদ্যালয় ছাত্রনেতাদের বিরুদ্ধে মামলা প্রত্যাহার করুন ...........শেখ হাসিনা

ইত্তেফাক রিপোর্ট ‼ আওয়ামী লীগ সভানেত্রী, সংসদের বিরোধীদলীয় নেত্রী শেখ হাসিনা অবিলম্বে রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ৬০ জন ছাত্র নেতার নামে দায়েরকৃত মামলা প্রত্যাহারের দাবী করিয়াছেন। গতকাল ( বৃহস্পতিবার ) মিন্টু রোডস্থ সরকারী বাসভবনে গণ-

(১১শ পৃঃ ২-এর কঃ দ্রঃ )

## শেখ হাসিনা

( প্রথম পৃঃ পর )

তান্ত্রিক ছাত্র ঐক্যের কেন্দ্রীয় নেতৃবৃন্দ শেখ হাসিনার সহিত সাক্ষাৎ করিতে গেলে তিনি ধৈর্য্য সহকারে ছাত্রদের বক্তব্য শোনেন। ছাত্র নেতৃবৃন্দের উদ্দেশ্যে তিনি বলেন, ক্ষমতাসীনরা ছাত্র জনতার নিকট প্রদত্ত ওয়াদার বরখেলাপ করিয়া দেশে স্বৈরাচারী শাসন চালাইতেছে। বিগত সরকার ও বর্তমান ক্ষমতাসীনদের মধ্যে দেশশাসন ও পরিচালনায় কোন ভিন্নতা পরিলক্ষিত হইতেছে না। প্রশাসন হইতে শুরু করিয়া রাষ্ট্র ও সমাজজীবনের গুরুত্বপূর্ণ ক্ষেত্রগুলিকে অবাচিতভাবে দলীয়করণ করা হইয়াছে। স্বৈরাচার বিরোধী আন্দোলনকালীন সময়ে ছাত্রনেতৃবৃন্দসহ আন্দোলনরত শক্তির বিরুদ্ধে দায়েরকৃত মামলা প্রত্যাহারের সুস্পষ্ট অঙ্গীকার থাকা সত্ত্বেও মামলা প্রত্যাহারের ক্ষেত্রে ছলচাতুরী করা হইতেছে।

সাক্ষাৎকার অনুষ্ঠানে ছাত্র ঐক্যের পক্ষে নুর আহমেদ বকুল, সর্দার রুহিন হোসেন প্রিন্স, মোখলেছুর রহমান, আবদুস সাত্তার, রাজেকুজ্জামান রতন, জিয়া আরফিন রিপন ও সাবেক ছাত্রনেতাদের পক্ষে ডাঃ মোস্তফা জালাল মহিউদ্দিন, আবদুল মান্নান, সুলতান মোহাম্মদ মনসুর, আবদুর রহমান, অসীম কুমার উকিল, এস এম কামাল হোসেন প্রমুখ উপস্থিত ছিলেন।

ছাত্র ঐক্যের নেতৃবৃন্দ শেখ হাসিনাকে বলেন, ক্ষমতাসীনরা ছাত্র সমাজের অধিকার প্রতিষ্ঠার ক্ষেত্রে অবহেলা প্রদর্শন করিতেছে। রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ৬০ জন ছাত্রনেতার বিরুদ্ধে মামলা প্রত্যাহারের অঙ্গীকার সত্ত্বেও সরকার কালক্ষেপণ করিতেছে। জামায়াত-শিবিরের সহিত সরকারের মিত্রতার কারণে প্রতিশ্রুতি ভঙ্গ করা হইতেছে।

ছাত্র নেতৃবৃন্দের বক্তব্য শোনার পর শেখ হাসিনা বলেন, সরকারী মদদে দেশের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে সন্ত্রাস চলিতেছে। ছাত্র সমাজের ১০ দফা বাস্তবায়নের ক্ষেত্রে সরকারের কোন আন্তরিকতা নাই। তিন জোটের অঙ্গীকারের অনুশীলন করা হইতেছে না। তিনি বলেন, স্বাধীনতাপ্রিয় জনগণ জাগিয়া উঠিয়াছে। গণআদালতের রায় কার্যকর করার লক্ষ্যে সংগ্রাম অব্যাহত রাখিতে হইবে।

### ছাত্র ঐক্যের সমাবেশ

রাকসুর সাবেক ভিপি রাগিব আহসান মুন্না, জি,এস রুহুল কুদ্দুস বাবুসহ রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ৬০ জন ছাত্রনেতার বিরুদ্ধে মামলা প্রত্যাহারের দাবীতে গণতান্ত্রিক ছাত্র ঐক্য গতকাল (বৃহস্পতিবার) জাতীয় প্রেস ক্লাবের সম্মুখে এক ছাত্র সমাবেশের আয়োজন করে। ছাত্রনেতা শহিদুল ইসলাম, সাইদুর রহমান বিটুল ও উদয় পাল সমাবেশে বক্তৃতা করেন।

সমাবেশে বলা হয়, জামায়াত-শিবির অন্যায়ভাবে ৬০ জন ছাত্রনেতার বিরুদ্ধে মামলা দায়ের করিয়াছে। সরকার এই মামলায় ছাত্র নেতাদের বিরুদ্ধে ব্যবস্থা নিলে তাহা হইবে তৎকালীন ছাত্র ঐক্যের সহিত তিন জোটের অঙ্গীকারের বরখেলাপ। সমাবেশের পূর্বে ক্যাম্পাসে বিক্ষোভ মিছিল বাহির করা হয়।